

ঢাকা ও চট্টগ্রাম শিক্ষা বোর্ডের দায়িত্বে নতুন চেয়ারম্যান

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১৭ মে ২০২২, ১৫:৫৪



সুবাসিত
৩০ ডি

তপন কুমার সরকার ও মুস্তফা কামরুল আখতার

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন শিক্ষা বোর্ডের সচিব পদার্থ বিজ্ঞান বিষয়ের অধ্যাপক তপন কুমার সরকার। এছাড়া চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান হিসেবে নিয়োগ পেয়েছেন চট্টগ্রাম সিটি কলেজের রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপক মুস্তফা কামরুল আখতার।

সোমবার (১৬ মে) প্রেষণে এই দুই অধ্যাপককে চেয়ারম্যান হিসেবে নিয়োগ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।



শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসির ১২ কর্মকর্তার অস্ট্রেলিয়া সফর বাতিল

নিয়োগের শর্তে বলা হয়েছে, তারা নিজ নিজ বেতনক্রমে বেতন-ভাতা পাবেন। এছাড়া পদ সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন।

বোর্ড কর্তৃপক্ষ বিনা ভাড়ায় বাসস্থানের ব্যবস্থা করলে তারা কোনও বাড়ি ভাড়া পাবেন না। সরকারি বাসায় বসবাস করলে বাড়ি ভাড়া সহ যাবতীয় সরকারি পাওনা নিজ দায়িত্বে ট্রেজারি চালানোর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে জমা দেবেন। স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য বাধ্যতামূলক ভবিষ্যৎ তহবিল, গোষ্ঠী বীমা ও অন্যান্য তহবিল চাঁদা প্রদান করবেন।



জাবির পরিবহন অফিসের নতুন
ভারপ্রাপ্ত শিক্ষক অধ্যাপক
ছায়েদুর

বোর্ড কর্তৃপক্ষ সংশ্লিষ্ট বিধি অনুযায়ী তাদের লিভ স্যালারি ও পেনশনের চাঁদা দেবেন। সরকারের প্রচলিত ও প্রণীত বিধি-বিধান ও আদেশ অনুসারে চাকরি নিয়ন্ত্রিত থাকবে।

ইত্তেফাক/এমএ